



# বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন



জাতীয় কার্যালয়, গাইড হাউজ, নিউ বেইলী রোড, ঢাকা-১০০০

ই-মেইল : [bgguidesho@gmail.com](mailto:bgguidesho@gmail.com)

পত্র নং- গাগা/প্রকা/প্রশা/ ২০২৩-৮৮৪ (১০)

তারিখ : ২৩/০৬/২০২৩

প্রেস রিলিজ

## “নীল কমল অ্যাওয়ার্ড” প্রদান অনুষ্ঠান-২০২৩

বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন-এর উদ্যোগে ২৩ জুন, ২০২৩, বেইলী রোড, গাইড অডিটোরিয়ামে গার্ল গাইডের ১০টি অঞ্চলের বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ের হলদে পাখিদের “নীল কমল অ্যাওয়ার্ড” প্রদান করা হয়েছে। সারা দেশ হতে হলদেপাখি কার্যক্রম যথাযথভাবে সম্পাদন করে প্রতিযোগিতার মাধ্যমে ১৬জন এই অ্যাওয়ার্ড অর্জন করেছে।

বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের উপদেষ্টা জনাব জুয়েনা আজিজ, সিনিয়র সচিব (অবঃ) এবং মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের প্রাক্তন মূখ্য সমন্বয়ক (এসডিজি বিষয়ক) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে অ্যাওয়ার্ড বিজয়ী হলদে পাখিদের সনদ ও ব্যাজ প্রদান করেন। যারা এ বছর অ্যাওয়ার্ড পেয়েছে তাদের অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়ে এ ধরনের অ্যাওয়ার্ড প্রদান চালু হওয়া খুবই আনন্দদায়ক ও গুরুত্বপূর্ণ বলে তিনি মনে করেন। পরবর্তীতে আরো বড় পরিসরে এই অনুষ্ঠান হবে বলে তিনি আশা ব্যক্ত করেন এবং স্মার্ট ও সোনার বাংলাদেশ গড়ার জন্য হলদে পাখিদের এগিয়ে আসার আহবান জানান।

বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের জাতীয় কমিশনার ও অনুষ্ঠানের সভাপতি কাজী জেবুন্নেছা বেগম বাংলাদেশ সরকারের প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়কে আর্থিক ও প্রশাসনিক সহায়তা প্রদান করে গার্ল গাইডস্ এগিয়ে নেওয়ার জন্য ধন্যবাদ জানান। আজকের অ্যাওয়ার্ড প্রদান অনুষ্ঠানটি একটি মাইলফলক তৈরী করলো আমরা পরবর্তীতে স্থানীয় পর্যায়েও এই ধরনের অ্যাওয়ার্ড প্রদান করার আশা ব্যক্ত করছি। মধ্যে উপস্থিত ছিলেন সাবিনা ফেরদৌস, ডেপুটি জাতীয় কমিশনার, (প্রশাসন) প্রফেসর ড. ইয়াসমিন আহমেদ, ডেপুটি জাতীয় কমিশনার (প্রোগ্রাম), বেলা রানী সরকার, হলদে পাখি কমিশনার।

এ সময় অ্যাওয়ার্ড অনুষ্ঠানে হলদে পাখিদের সাথে বিজ্ঞ পাখি, (শিক্ষক), অভিভাবক, গার্ল গাইডের জাতীয় কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ, আঞ্চলিক, জেলা ও স্থানীয় কমিশনার, গাইডের অন্যান্য সদস্য, কর্মকর্তা, কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

বার্তা সম্পাদক/ চীফ রিপোর্টার

-----  
-----

সাবিনা বেগম  
জনসংযোগ, প্রচার ও প্রকাশনা কর্মকর্তা